নিউ ইয়র্কের নিয়োগ সংস্থা সংক্রান্ত আইন

নিয়োগ সংস্থা থেকে চাকরি পাওয়ার ক্ষেত্রে সাহায্য চান?

NYC-এর নিয়োগ সংস্থাদের কাছে অবশ্যই উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP) লাইসেন্স থাকতে হবে এবং তাদেরকে অবশ্যই আইন মেনে চলতে হবে। সংস্থার DCWP লাইসেন্স দে খুন।

নিয়োগ সংস্থা সংক্রান্ত আইন

সাধারণ ব্যবসা আইন সংক্রান্ত দফা 11 থেকে উদ্ধৃত অংশ

§ 178. বন্ডের উপর পদক্ষেপ

আদালতে যে কোনও লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির বিরুদ্ধে আনা সমস্ত দাবি বা মামলা সেই ব্যক্তির নামে আনা যেতে পারে যিনি একশত সাতাত্তর নম্বর ধারা অনুসারে সেই লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির দ্বারা ডিপোজিট করা বন্ডের ক্ষতি করেছে এবং স্থানান্তর করা হতে পারে এবং দেওয়ানি মামলায় ক্ষতির জন্য অন্য দাবির মতো নিয়োজিত করা হতে পারে। আবেদনকারীর দাবিকৃত ক্ষতির পরিমাণ, বন্ডে থাকা উল্লেখ করা শাস্তি নয়, মামলাটি যে আদালতের অধীনস্থ সেই আদালতে নির্ধারিত হবে। কমিশনার ক্ষতিগ্রস্ত ব্যক্তির হয়ে বন্ডের বিরুদ্ধে একটি মামলা করতে পারে। যেখানে এই লাইসেন্সধারী ব্যক্তি তার পাওনাদারকে প্রতারণা করার উদ্দেশ্যে বা এই ধারার অধীনে আনা একটি সমন এড়ানোর জন্য স্টেট থেকে চলে গেছে, তখন তা নিশ্চিত করার জন্য সমন পাঠানো হবে। এই ধরনের সমনের কপি লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির শেষ জানা বাসস্থানের ঠিকানায় এবং কমিশনারের কাছে থাকে তার নিয়োগ সংস্থার ঠিকানায় পাঠানো হবে।

§ 181. চুক্তি, শর্তের বিবৃতি এবং রসিদ

প্রতিটি নিয়োগ সংস্থার দায়িত্ব হলো প্রতিটি চাকরি প্রার্থীকে চাকরির জন্য এইসব প্রদান করা:

1. চাকরি প্রার্থী ও নিয়োগ সংস্থার মধ্যে হওয়া প্রতিটি চুক্তির আসল কপি এই দফার একশত পঁচাশি, একশত ছিয়াশি নম্বর ধারার বিধি অনুসারে স্পষ্ট ও সংক্ষেপে একটি বিবৃতিতে ছাপানো থাকবে বা সংযুক্ত থাকবে।

2. ক্লাস "C" নাটক সংক্রান্ত কাজের জন্য:
(a) প্রথমে এই ধরনের খালি চুক্তি কমিশনারের দ্বারা অনুমোদিত হবে এবং তার সিদ্ধান্ত সার্টিওরারি (certiorari) এর কাছে পর্যালোচনার জন্য উপলভ্য হবে। প্রতিটি চুক্তিতে শিল্পীকে সংযুক্ত এই দফার একশত পঁচাশি নম্বর ধারা অনুসারে নাটক সংক্রান্ত নিয়োগে যুক্ত নিয়োগ সংস্থাকে সর্বমোট যে কমিশন বা ফি দিতে হবে তা থাকবে। এই ধরণের প্রতিটি চুক্তিতে শিল্পীর নাম, চুক্তিটি কী ধরনের পরিষেবার জন্য, কমিশন বা ফি পেমেন্টের সঙ্গে যুক্ত সমস্ত শর্ত ছাড়াও নাটক সংক্রান্ত নিয়োগে যুক্ত নিয়োগ সংস্থার নাম, ঠিকানা, ফোন নম্বর এবং লাইসেন্স নম্বর থাকবে। নাটক সংক্রান্ত নিয়োগে যুক্ত নিয়োগ সংস্থা শিল্পীর সঙ্গে হওয়া প্রতিটি চুক্তির একটি কপি রাখবে এবং শিল্পীকে প্রতিটি চুক্তির একটি কপি প্রদান করবে।
(b) নিয়োগ সংস্থা চুক্তি ছাড়াও শিল্পীকে নির্দিষ্ট কাজের প্রতিটি অডিশন বা ইন্টারভিউয়ের সময়, এই কাজের জন্য শিল্পীকে যে ব্যক্তির কাছে আবেদন করতে হবে তার নাম এবং ঠিকানার তথ্য, যে পরিষেবা দেয়া হবে, অডিশন বা ইন্টারভিউয়ের আগে সাম্মানিক জানা গেলে সেই আনুমানিক সাম্মানিক এবং অডিশন বা ইন্টারভিউয়ের আগে নিয়োগ সংস্থার কাছে কাজের অন্যান্য বস্তুগত শর্ত জানা থাকলে তাও জানাবে। এই ধরণের তথ্য ইলেক্ট্রনিক যোগাযোগের মাধ্যমে প্রদান করা হতে পারে।

3. ক্লাস "A" এবং "A-1" নিয়োগ সহ অন্যান্য সমস্ত নিয়োগের ক্ষেত্রে, প্রতিটি চুক্তিতে নিম্নলিখিত তথ্য থাকলেও তা এতেই সীমবদ্ধ থাকবে না: চাকরির জন্য চাকরি প্রার্থী যে ব্যক্তির কাছে আবেদন করবে তার নাম ও ঠিকানা, নিয়োগকর্তার নাম, ঠিকানা, চিঠি পাঠানোর ঠিকানা এবং টেলিফোন নম্বর; চাকরির ঠিকানা বা ঠিকানাগুলি, যে ধরনের কাজ করতে হবে; প্রতিদিন কাজের আনুমানিক সময় বা সপ্তাহে কতদিন কাজ করতে হবে; আনুমানিক বেতনের ভিত্তিতে চাকরি প্রার্থীর জন্য নিয়োগ সংস্থার ফি; কর্মীর উপর আরোপ করা যে কোনও শর্ত এবং বাসস্থান, স্বাস্থ্য বিমা, স্বাস্থ্যসেবা, অসুস্থতার ছুটি, অবকাশ ও অবসরকালীন সুবিধা সহ সেই শর্তের সঙ্গে যুক্ত খরচ; এই ধরনের চাকরি স্থায়ী না অস্থায়ী, চাকরির আনুমানিক সময়কাল, চাকরি প্রার্থীকে নিয়োগের অনুমতি প্রদানকারী ব্যক্তির নাম ও ঠিকানা; এবং নিয়োগ সংস্থা যে সিটি, শহর বা গ্রামে অবস্থিত তার বাইরে কাজের দরকার হলে পরিবহনের খরচ। যদি চাকরিটি শর্তসাপেক্ষে অর্থ প্রদত্ত কাজ হয়, যে শর্তের অধীনে চাকরি প্রার্থীকে ফি প্রদান করতে হবে তা চাকরি প্রার্থীর সই করা টেন-পয়েন্ট টাইপের পৃথক চুক্তিতে স্পষ্টভাবে বলা থাকবে।

4. (a) এই অনুচ্ছেদটি ক্লাস "C" নাটক সংক্রান্ত নিয়োগ বাদে সমস্ত শ্রেণীর নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য। নিয়োগ সংস্থা প্রতিটি চাকরি প্রার্থীকে চুক্তির সঙ্গে একটি নথি দেবে, যেখানে চুক্তির শর্তাবলী সংক্ষিপ্তভাবে বলা থাকবে। এই নথিকেই "শর্তাবলী" বলে ধরা হবে এবং বলা থাকবে যে এটি চুক্তি নয় এবং এই ধরনের নথি আইনগতভাবে আবদ্ধ করে না। শর্তাবলী সাধারণ ভাষায় প্রদান করতে হবে যাতে চাকরি প্রার্থী বুঝতে পারে এবং যখন সম্ভব এই ধরনের নথিতে এমন শব্দ ব্যবহার সীমিত করা হবে যা সকলের বোধগম্য নয়।
(b) শর্তাবলী কমিশনারের নির্দেশিত যে কোনও টেমপ্লেট মেনে চলবে এবং কমিশনারের নির্ধারিত পদ্ধতিতে নিয়োগ সংস্থাগুলির কাছে উপলভ্য থাকবে। এই ধরণের টেমপ্লেট তৈরি করার ক্ষেত্রে, কমিশনার জনগণকে এই ধরণের টেমপ্লেট সম্পর্কে মতামত জানানোর সুযোগ দেবে।
(c) কমিশনার এই ধারার বিধানগুলি কার্যকর করতে প্রয়োজনীয় বিধিমালা এবং প্রবিধান প্রণয়ন করতে পারে।
(d) কমিশনারের প্রদত্ত কোনও টেমপ্লেটের অ-ইংরেজীর অংশের ত্রুটি বা কোনও তথ্য না থাকলে তার নিয়োগ সংস্থাকে শাস্তি দেয়া যাবে না।

5. চাকরি প্রার্থী থেকে এজেন্সি যে ফি, ডিপোজিট, আনুষাঙ্গিক ফি বা পেমেন্ট নেয় তার রসিদে চাকরি প্রার্থীর নাম, নিয়োগ সংস্থার নাম ও ঠিকানা, তারিখ এবং এই ধরনের ফি এর পরিমাণ, ডিপোজিট, আনুষাঙ্গিক ফি বা পেমেন্ট বা যে কারণে রসিদটি দেয়া হয়েছে, যে উদ্দেশ্যে পেমেন্ট করা হয়েছে এবং যে ব্যক্তি এই পেমেন্ট নিচ্ছেন তার সই ছাপানো বা লেখা থাকবে। যদি বাড়ির কাজের জন্য স্টেটের বাইরে থেকে চাকরি প্রার্থী নিয়োগ করা হয়ে থাকে, তাহলে রসিদে তা ছাপানো থাকবে অথবা এর সঙ্গে এই দফার একশত চুরাশি নম্বরের ধারার কপি সংযুক্ত থাকবে। ক্লাস "C" নাটক সংক্রান্ত নিয়োগের জন্য যেমন বলা আছে তা ব্যতিত, রসিদে পেমেন্ট গ্রহণকারী ব্যক্তির সইয়ের জন্য উপরে জায়গা থাকবে, একটি বাক্সে ও বড় হাতের অক্ষরে নিম্নলিখিত বিবৃতি ছাপানো থাকবে: "নিয়োগ সংস্থা আপনাকে আপনার গ্রহণ করা চাকরির জন্য রেফার করার আগে ফি চার্জ করতে পারবে না। চাকরি গ্রহণ করার আগে আপনি পেমেন্ট করলে বা আইন লঙ্ঘন করে এমন কোনও ফি দিলে, আপনি সেই অর্থ ফেরতের দাবি করতে পারেন, যা সাতদিনের মধ্যে আপনাকে ফেরত দিতে হবে"। ক্লাস "C" নিয়োগের ক্ষেত্রে এই ধরনের রসিদে এগুলি থাকবে: "নাটক সংক্রান্ত নিয়োগে যুক্ত নিয়োগ সংস্থা আপনাকে আপনার গ্রহণ করা চাকরির জন্য রেফার করার আগে ফি চার্জ করতে পারবে না। নাটক সংক্রান্ত নিয়োগে যুক্ত নিয়োগ সংস্থা আসল বা পূর্বেকার নিয়োগ চুক্তির দর কষাকষি বা পুনরায় দর কষাকষির ক্ষেত্রে আপনার হয়ে প্রতিনিধিত্ব করার পরে আপনার উপর ফি আরোপ করতে পারে। আইন লঙ্ঘন করে এমন কোনও ফি দিলে, আপনি সেই অর্থ ফেরতের দাবি করতে পারেন, যা সাতদিনের মধ্যে আপনাকে ফেরত দিতে হবে"।

6. প্রতিটি চুক্তি, শর্তাবলীর বিবৃতি, রসিদ এবং চাকরি প্রার্থীকে প্রদত্ত যে কোনও নথি সম্পূর্ণ করা বা আসল বা ডুপ্লিকেট-আসল কপি প্রতিটি নিয়োগ সংস্থাকে চুক্তি করার দিন থেকে বা পেমেন্ট করার দিন থেকে তিন বছর পর্যন্ত রাখতে হবে এবং কমিশনার বা তার অনুমোদিত এজেন্ট বা পরিদর্শনের অনুরোধের ভিত্তিতে পরিদর্শনের সময় উপলভ্য করতে হবে। এই ধরনের চুক্তির অন্যান্য বিধি সত্ত্বেও, চাকরি প্রার্থী যে ফি প্রদান করবে তা এই দফার একশত পঁচাশি নম্বর ধারার আট নম্বর উপধারা অনুসারে ফি সীমার বেশি হবে না।

§ 185. ফি

1. পরিস্থিতি অনুসারে ফি। চাকরি প্রার্থীর সঙ্গে নিয়োগ সংস্থার কোনও লিখিত চুক্তির শর্ত না থাকলে, চাকরি প্রার্থীকে নিয়োগকর্তার কাছে রেফার করা ও নিয়োগকর্তাকে চাকরি প্রার্থীর কাছে রেফার করার ফলস্বরূপ উক্ত নিয়োগকর্তা সেই চাকরি প্রার্থীকে নিযুক্ত করলে সেই সংস্থা কোনও ফি বা অন্যান্য আনুষাঙ্গিক ফি নিতে পারবে না, তবে ক্লাস "C" নিয়োগের ক্ষেত্রে তার ব্যতিক্রম আছে: **(a)** নিয়োগকর্তার কাছে কোনও শিল্পীকে রেফার করা বা নিয়োগকর্তাকে শিল্পীর কাছে রেফার করার ফলস্বরূপ সেই শিল্পীকে সেই নিয়োগকর্তা নিযুক্ত করেছে; অথবা **(b)** শিল্পীর হয়ে কোনও সংস্থা আসল বা আগের নিয়োগ চুক্তির বিষয়ে আলোচনা বা পুনরায় আলোচনা করার ফলস্বরূপ সেই শিল্পী আলোচনা করে নিয়োগ চুক্তিতে সম্মত হয়েছে। এই অনুচ্ছেদ অনুসারে ক্লাস "C" নিয়োগের জন্য, কোনও নিয়োগ সংস্থাকে এই ধারার বিধি এবং এই দফার একশত ছিয়াশি নম্বর ধারায় যেমন বলা আছে তেমনভাবে স্পষ্ট ও সংক্ষিপ্তভাবে একটি বিবৃতি একজন শিল্পীকে প্রদান করতে হবে।

সমস্ত রকম প্লেসমেন্ট বা চাকরির জন্য এখানে সর্বোচ্চ যে ফি বলা আছে তা চাকরি প্রার্থীর উপর আরোপ করা হতে পারে এবং একই ফি চাকরি দাতা নিয়োগকর্তার উপরেও আরোপ করা হতে পারে, তবে ক্লাস "B" নিয়োগের প্লেসমেন্টের ক্ষেত্রে চাকরি প্রার্থীকে যে ফি আরোপ করা হয়েছে তার দেড়গুণ ফি নিয়োগকর্তার উপর আরোপ করা হতে পারে। নিয়োগ সংস্থার সঙ্গে চুক্তির মাধ্যমে, নিয়োগকর্তা চাকরি প্রার্থীর ফি মুকুব করতে পারে। লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি যে "A", "A-1" এবং "B" এ চাকরি প্রদান করার জন্য বা এই ধরনের পরিষেবা প্রদানের জন্য নিয়োগ সংস্থা চালিয়ে নিয়োগকর্তাদের থেকে ফি নেন, কিন্তু এই ধারার উপধারা চার এ যেমন বলা আছে সেই অনুসারে নিয়োগকর্তা ও নিয়োগ সংস্থার মধ্যের চুক্তিতে নির্ধারিত থাকবে যে চাকরি প্রার্থীর থেকে ফি নেয়া হবে না। কর্মী বা চাকরির জন্য যে সকল চাকরি প্রার্থী রেজিস্ট্রেশন করবে তাদের উপর কোনও ফি আরোপ করা হবে না বা তাদের থেকে নেয়া হবে না।

2. ফি এর পরিমাণ; পেমেন্ট সূচি। এখানে উপরে যেমন বলা আছে তা ছাড়া, একবার নিয়োগের ক্ষেত্রে চাকরি প্রার্থীর উপর আরোপ করা সর্বমোট ফি এবং নিয়োগকর্তার উপর আরোপ করা সর্বমোট ফি এই ধারার সূচি অনুসারে যে পরিমাণ উল্লেখ করা আছে তার বেশি হওয়া চলবে না; এবং এইসব ফি এই দফার একশত ছিয়াসি নম্বর ধারার বিধির শর্তাধীন হবে। এখানে যেমনভাবে বলা আছে তা ব্যতিক্রমে এবং ক্লাস "C" চাকরির ব্যতিক্রমে, কোনও নিয়োগ সংস্থা চাকরি প্রার্থীকে যুক্তরাষ্ট্র মহাদেশে চাকরিতে ঢোকানোর জন্য দশ সাপ্তাহের সাপ্তাহিক কিস্তির চেয়ে বেশি হারে কোনও ফি প্রদান করার জন্য চাপ দিতে পারবে না, যেখানে ফি চাকরির প্রথম দশ সপ্তাহের প্রতিটি সপ্তাহের শেষে প্রদান করা উচিত অথবা কম ঘন পাঁচটি সমান কিস্তি দেয়া হলে, যেখানে চাকরি প্রার্থীর প্রথম পাঁচ বেতনের সময়সীমার পরে প্রদান করা উচিত বা দশ সপ্তাহ সময়ের মধ্যে, এর মধ্যে যে সময়টি বেশি হবে। নিয়োগকর্তার ফি চাকরি প্রার্থী চাকরিতে যোগ দিয়ে কাজ করা শুরু করলে তখন মেটাতে হয়, যদি না নিয়োগকর্তা ও নিয়োগ সংস্থার মধ্যে অন্য কোনও রকম চুক্তি করা থাকে।

3. ডিপোজিট, অগ্রিম ফি। কোনও নিয়োগ সংস্থাকে কোনও চাকরি প্রার্থীর থেকে ডিপোজিট বা অগ্রিম ফি নিতে হবে না অথবা নিতে পারবে না।

4. চাকরির ধরণ। নিয়োগ সংস্থাদের দ্বারা ব্যক্তিদের উপর আরোপ করা ফি-এর উপর সীমা স্থাপন করার উদ্দেশ্যে, চাকরিকে নিম্নলিখিত শ্রেণীতে ভাগ করা হয়েছে:

ক্লাস "A" – কৃষি শ্রমিক সহ গার্হস্থ্য বা ঘরের কাজের লোক, অনভিজ্ঞ বা অ-প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী এবং শ্রমিক;
ক্লাস "A1" – অ-পেশাদার প্রশিক্ষণপ্রাপ্ত অথবা দক্ষ শিল্প শ্রমিক অথবা কারিগররা;
ক্লাস "B" – বাণিজ্যিক, কেরানি-সম্বন্ধীয়, কার্যনির্বাহী, প্রশাসনিক, এবং পেশাদার চাকরি; যুক্তরাষ্ট্রের বাইরের সব চাকরি, এবং ক্লাস "A", "A1", "C" এবং "D"-তে অন্তর্ভূক্ত নয় এমন সমস্ত চাকরি;
ক্লাস "C" – নাটক সংক্রান্ত কাজে যুক্ত থাকা;
ক্লাস "D" – শিক্ষা আইনের একশ উনচল্লিশ নম্বর দফায় যেমন বলা আছে সেই হিসেবে নার্সিং ম্যানেজমেন্ট।

5. ফি সীমা: ক্লাস "A" নিয়োগের জন্য, কোনও ডিপোজিট থাকলে তা সহ সর্বমোট ফি প্রথম মাসের বেতনের নিম্নলিখিত শতাংশের বেশি হবে না:

যেক্ষেত্রে কোনও খাবার বা থাকার ব্যবস্থা প্রদান করা হয় না 10%
যেক্ষেত্রে প্রত্যেক কর্মদিবসে দিনে একবার খাবার প্রদান করা হয় . . . 12%
যেক্ষেত্রে প্রত্যেক কর্মদিবসে দিনে দুবার খাবার প্রদান করা হয়. 14%
যেক্ষেত্রে প্রত্যেক কর্মদিবসে তিন বার খাবার প্রদান করা হয় এবং থাকার ব্যবস্থা প্রদান করা হয়. 18%

যেখানে নিয়োগ চুক্তি করার সময় এর সমস্ত পক্ষ চুক্তি বুঝেছে ও সম্মত হয়েছে যে, এই চুক্তির মেয়াদ এক মাসের কম সময়, সর্বমোট ফি প্রকৃত আয়ের ভিত্তিতে দশ, বারো, চৌদ্দ বা আঠারো শতাংশের বেশি হবে না।

6. ফি সীমা: ক্লাস "A1" চাকরি নিয়োগের জন্য সর্বমোট ফি এক সপ্তাহের বেতনের বেশি হবে না, যেখানে নিয়োগ চুক্তি করার সময় এর সমস্ত পক্ষ চুক্তি বুঝেছে ও সম্মত হয়েছে যে চুক্তির মেয়াদ দশ সপ্তাহ বা তার বেশি সময়ের জন্য হবে। যেখানে নিয়োগ চুক্তির সমস্ত পক্ষ নিয়োগ চুক্তি করার সময় বুঝেছে ও সম্মত হয়েছে যে এটির সময়সীমা দশ সপ্তাহের থেকেও কম হবে সেখানে সর্বমোট ফি প্রকৃত বেতনের দশ শতাংশের বেশি হবে না।

7. ফি সীমা: ক্লাস "B" চাকরির নিয়োগের জন্য, সর্বমোট ফি প্রথম মাসের বেতনের নিম্নলিখিত শতাংশের বেশি হবে না:

যেখানে প্রথম মাসের বেতন হলো

$750 এর কম 25%
কমপক্ষে $750 কিন্তু $950 এর চেয়ে কম 35%
কমপক্ষে $950 কিন্তু $1150 এর চেয়ে কম 40%
কমপক্ষে $1150 কিন্তু $1350 এর চেয়ে কম 45%
কমপক্ষে $1350 কিন্তু $1500 এর চেয়ে কম 50%
কমপক্ষে $1500 কিন্তু $1650 এর চেয়ে কম 55%
অন্তত $1650 বা তার বেশি. 60%

তবে, যেক্ষেত্রে চাকরি প্রার্থীকে চাকরির নিয়োগের জন্য সরাসরি কমিশনের ভিত্তিতে বা ড্রইং অ্যাকাউন্ট ও কমিশনের ভিত্তিতে পারিশ্রমিক দেয়া হবে, সেক্ষেত্রে সর্বমোট ফি নিয়োগকর্তার হিসেবে প্রথম বছরের আয়ের হিসেবে 1/12 যা উপরে উল্লিখিত পরিমাণের সমানের শতাংশের ভিত্তিতে দিতে হবে।

যেখানে নিয়োগ চুক্তির সমস্ত পক্ষ নিয়োগ চুক্তি তৈরির সময় বুঝেছে ও সম্মত হয়েছে যে এটির মেয়াদ চার মাসের থেকেও কম হবে সেখানে সর্বমোট ফি এই উপবিভাগের অনুসূচিতে নির্দেশিত ফি-এর পঞ্চাশ শতাংশের বেশি হবে না অথবা প্রকৃত বেতনের দশ শতাংশ, এর মধ্যে যেটি কম হবে।

8. ফি সীমা: ক্লাস "C" চাকরির একবার নিয়োগের জন্য সর্বোমোট ফি আবেদনকারীকে প্রদানযোগ্য ক্ষতিপূরণের দশ শতাংশের বেশি হবে না, তবে অর্কেস্ট্রার চাকরির ক্ষেত্রে এই নিয়মের ব্যতিক্রম হবে এবং অপেরার এবং কনসার্ট খাতে ক্ষতিপূরণের বিশ শতাংশের বেশি হবে না।

9. ফি সীমা: ক্লাস "D" নিয়োগের ক্ষেত্রে একবার নিয়োগের জন্য সর্বমোট ফি নিম্নলিখিতের বেশি হবে না:

(1) প্রাইভেট নার্সিং ডিউটির জন্য, নিয়োগের কেবলমাত্র প্রথম দশ সপ্তাহের প্রতি সপ্তাহে প্রাপ্ত বেতনের পাঁচ শতাংশ এবং এই ফি বকেয়া থাকবে এবং সেইসব সপ্তাহের শেষে প্রদান করতে হবে;
(2) অন্য নার্সিং ডিউটির জন্য, প্রথম সপ্তাহের বেতনের পরিমাণ যদি না প্রথম বছরের গণনাকৃত বেতন অন্তত এক বছরের চাকরি থেকে যা নেয়া হবে তা আড়াই হাজার ডলার বা তার বেশি হয়, এই ক্ষেত্রে সর্বমোট ফি সেই বেতনের নিম্নলিখিত শতাংশের বেশি হবে না:

যেখানে প্রথম বছরের বেতন হলো

কমপক্ষেও $2500 কিন্তু $3000 এর চেয়ে কম 2.5%
কমপক্ষেও $3000 কিন্তু $3500 এর চেয়ে কম 3%
কমপক্ষেও $3500 কিন্তু $4000 এর চেয়ে কম 3.5%
কমপক্ষেও $4000 কিন্তু $4500 এর চেয়ে কম 4%
কমপক্ষেও $4500 কিন্তু $5000 এর চেয়ে কম 4.5%
$5000 বা তার বেশি 5%

10. এই আইনের বিপরীত বিধি সত্ত্বেও, এই দফার একশ বাহাত্তর নম্বর ধারা অনুসারে যদি কোনও সংস্থা যে সব পরিষেবা প্রদানের জন্য লাইসেন্স প্রাপ্ত তার বাইরে কোনও পরিষেবা প্রদানের জন্য ফি নাও পেতে পারে বা সংগ্রহ করতে পারে। ফি সংগ্রহ করার কারণে, আদালত যে নিয়োগ সংস্থা যে পরিষেবা প্রদানের জন্য বৈধ লাইসেন্স প্রাপ্ত নয় তার সঙ্গে হওয়া চুক্তির পুরোটাই বা কোনও অংশ বাতিল করবে; তবে, এই ধরনের চুক্তি বাতিল বলে বিবেচিত হবে না, যদি আদালত দেখে যে শ্রম দপ্তর বা নিউ ইয়র্ক সিটি উপভোক্তা বিষয়ক বিভাগের দেরি বা তাদের করণিক ত্রুটি সত্ত্বেও কোনও নিয়োগ সংস্থা তার লাইসেন্স বজায় রাখতে সচেষ্ট হয়েছে।

§ 186. ফি ফেরত

1. অত্যধিক ফি: এই দফার বিধি অনুসারে কোনও নিয়োগ সংস্থা অতিরিক্ত ফি বা পেমেন্ট সংগ্রহ করলে, গ্রহণ করলে বা রেখে দিলে, উক্ত সংস্থাকে দাবি করার সাত দিনের মধ্যে ফি বা অতিরিক্ত অংশ ফেরত দিতে হবে।

2. রিপোর্ট করতে ব্যর্থ হওয়া: যদি কোনও চাকরি প্রার্থী চাকরি গ্রহণ করেন এবং কর্মক্ষেত্রে রিপোর্ট করতে ব্যর্থ হন, তাহলে সেই প্রার্থীকে এই দফার একশ পচাঁশি ধারা অনুসারে সর্বোচ্চ ফি এর পঁচিশ শতাংশের বেশি সর্বমোট ফি আরোপ করা হবে না। যদি কোনও চাকরি প্রার্থী চাকরি গ্রহণ করেন এবং কর্মক্ষেত্রে রিপোর্ট করতে ব্যর্থ হন, তাহলে নিয়োগকর্তার উপর কোনও ফি আরোপ করা হবে না।

3. কর্মীর ভুল ছাড়া বরখাস্ত। যদি কোনও চাকরি প্রার্থী চাকরি গ্রহণ করে ও কাজের জন্য রিপোর্ট করে এবং তারপর যদি কর্মীর দোষ ছাড়াই উক্ত চাকরি থেকে তাকে বরখাস্ত করা হয়, তাহলে সেই কর্মীর ও নিয়োগকর্তার উপর আরোপ করা সর্বমোট ফি সেই কর্মীর প্রাপ্ত বেতনের দশ শতাংশের বেশি হবে না এবং সেই ফি এই দফার ধারা একশ পঁচিশ অনুসারে অনুমোদিত সর্বোচ্চ ফি এর থেকে কোনও ভাবেই বেশি হবে না। তবে, যদি সেই কর্মী বাড়ির কাজের লোক হন যাকে এই স্টেটের বাইরের কোনও নিয়োগকর্তা নিয়োগ করেছেন, তাহলে নিয়োগকর্তার ফি প্রকৃত আয়ের তেত্রিশ ও এক তৃতীয়াংশ শতাংশের বেশি হবে না।

4. অন্যান্য পরিস্থিতির কারণে বরখাস্ত: যদি কোনও চাকরি প্রার্থী চাকরি গ্রহণ করে ও কাজের জন্য রিপোর্ট করে এবং তারপর অন্য কোনও পরিস্থিতির কারণে যদি কর্মীকে উক্ত চাকরি থেকে বরখাস্ত করা হয়, তাহলে সেই কর্মীর ও নিয়োগকর্তার উপর আরোপ করা সর্বমোট ফি সেই কর্মীর প্রাপ্ত বেতনের পঞ্চাশ শতাংশের বেশি হবে না এবং সেই ফি এই দফার ধারা একশত পঁচাশি অনুসারে অনুমোদিত সর্বোচ্চ ফি এর থেকে কোনও ভাবেই বেশি হবে না।

নিয়োগ সংস্থার থেকে সাহায্য পাবার সময় আপনাকে কি জানতে হবে

আপনার অধিকার জানুন!

ডটেড লাইনে সই করার আগে, nyc.gov/dcwp চাকরি প্রার্থীদের অধিকার বিল পড়ুন এবং গুরুত্বপূর্ণ তথ্যের জন্য আইন সম্পর্কে জানুন।

ফি ও অর্থ ফেরত

নিয়োগ সংস্থা আপনাকে কোনও চাকরির ব্যবস্থা না করা অবধি আপনার থেকে ফি নেয়া হবে না। যদি আপনি চাকরি পাওয়ার আগে ফি দিয়ে থাকেন অথবা আইন অনুসারে অনুমোদিত নয় এমন পরিমাণ অর্থ প্রদান করে থাকেন, তাহলে আপনি অর্থ ফেরতের দাবি করতে পারেন, যা আপনি অবশ্যই 7 দিনের মধ্যে পাবেন।

চুক্তি, শর্তের বিবৃতি এবং রসিদ

সংস্থার সঙ্গে আপনার সই করা চুক্তির একটি কপি, শর্তাবলীর বিবৃতি যেখানে চুক্তি সংক্ষেপে বলা আছে তা আপনি অবশ্যই পাবেন এবং প্রতিবার পেমেন্ট করার সময় অবশ্যই রসিদ নেবেন। নিরাপদ স্থানে প্রতিটি কপি রেখে দিন।

ন্যূনতম বেতন

আপনাকে অবশ্যই সেইসব চাকরির ক্ষেত্রে রেফার করা হবে যা এখানকার ও এখনও খালি আছে এবং নিউ ইয়র্ক স্টেট ও ফেডারেল আইন দ্বারা নির্ধারিত ন্যূনতম বেতন অনুসারে বেতন দেয়া হবে। nyc.gov/dcwp এবং labor.ny.gov দেখুন।

অভিযোগ

DCWP-এর কাছে অভিযোগ জানাতে **311** নম্বরে ফোন করুন অথবা nyc.gov/dcwp দেখুন।

Consumer and Worker Protection

08/2023